বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি শাখা-১

নং ১১.০০.০০০০.৭৩১.৩১.০১৯.১৯.২৭

তারিখ: ২০ মাঘ ১৪২৬ / ০৩ ফেব্রুয়ারি ২০২০

বিষয় : সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি ২২তম বৈঠকের কমিটির সিদ্ধান্ত প্রেরণ প্রসংগে।

একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২২তম বৈঠকের কমিটি কর্তৃক নিশ্চিতকৃত কমিটির সিদ্ধান্ত নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

(মোঃ ফয়সাল মোর্শেদ)
উপ-সচিব ও কমিটি সচিব
সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি
ফোন: ৯১২৫৩৭৮
মোবাইল: ০১৭১১০৪৬২৮৫
ফ্যাক্স: ৯১৪৩৫০৪
ই-মেইল: committee.1@parliament.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি),পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৬। মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৭। মহাপরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৮। মহাপরিচালক, গৃহায়ন ও ভৌত অবকাঠামো অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
কমিটি শাখা-০১
www.parliament.gov.bd

## কমিটির সিদ্ধান্ত

**কমিটি:** সরকার হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি

**তথ্য নিবন্ধন নম্বর:**

**তথ্য শিরোনাম:** পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিপ্তরের ২০১০-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১১-২০১২ এবং প্রাসঙ্গিক তথ্য।

**পরীক্ষণ নম্বর:**

**পরীক্ষণ শিরোনাম:** পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিপ্তরের ২০১০-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১১-২০১২ সংক্রান্ত পরীক্ষণ।

**বৈঠক নম্বর:** ২২
**বৈঠকের তারিখ:** ১৫/০১/২০২০
**বৈঠক শুরুর সময়:** ০৩:০০ অপরাহ্ণ
**বৈঠক শেষের সময়:** ০৩:৪৫ অপরাহ্ণ
**বৈঠকের স্থান:** কেবিনেট কক্ষ, পশ্চিম ব্লক, ২য় লেভেল, সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।

**সভাপতি:** জনাব মোঃ রুস্তম আলী ফরাজী

**২.১. বৈঠকে উপস্থিত কমিটির সদস্যগণের তালিকা:**

১. জনাব মোঃ রুস্তম আলী ফরাজী, ১২৯ পিরোজপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২. জনাব মোঃ আব্দুস শহীদ, সদস্য, ২৩৮ মৌলভীবাজার-৪, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৩. জনাব মোঃ আফছারুল আমীন, সদস্য, ২৮৭ চট্টগ্রাম-১০, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৪. জনাব মোঃ শহীদুজ্জামান সরকার, সদস্য, ৪৭ নওগাঁ-২, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৫. জনাব আবু সাঈদ আল মাহমুদ স্বপন, সদস্য, ৩৫ জয়পুরহাট-২, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৬. জনাব জহিরুল হক ভূঞা মোহন, সদস্য, ২০১ নরসিংদী-৩, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৭. জনাব মনজুর হোসেন, সদস্য, ২১১ ফরিদপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৮. জনাব আহসানুল ইসলাম (টিটু), সদস্য, ১৩৫ টাঙ্গাইল-৬, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৯. বেগম ওয়াসিকা আয়েশা খান, সদস্য, ৩০৭ মহিলা আসন-৭, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।

**২.২. বৈঠকে উপস্থিত মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণের তালিকা:**

১। জনাব হেলালুদ্দীন আহমদ, সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব একেএম আফতাব হোসেন প্রামানিক, অতিরিক্ত সচিব(অডিট), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বেগম নুসরাত জাবীন বানু, যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। জনাব মাসুদ আকতার খান, পরিচালক (উপপ্রধান), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। বেগম নাজনীন ওয়ারেস, উপসচিব (অডিট-১), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মুন্সী আবদুল আহাদ, উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**২.৩. বৈঠকে উপস্থিত সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের তালিকা:**

১। জনাব সুশংকর চন্দ্র আচার্য্য, প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

২। জনাব আব্দুল কুদ্দুস মন্ডল, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (অডিট), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৩।জনাব মোহাম্মদ রফিকুল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অডিট), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

৪। জনাব মোঃ সিদ্দিকুর রহমান, নির্বাহী প্রকৌশলী (অডিট), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

**২.৪. বৈঠকে উপস্থিত সিএজি কার্যালয়ের কর্মকর্তাগণের তালিকা:**

১. জনাব এ, কে, এম কবিরুল হুদা, অতিঃ উপ মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সংসদ)।

**২.৫. বৈঠকে উপস্থিত অডিট অধিদপ্তরের কর্মকর্তাগণের তালিকা:**

১। জনাব আবুল কালাম আজাদ, মহাপরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা।

২। জনাব মোঃ সাইফুর রহমান, মহাপরিচালক, গৃহায়ণ ও ভৌত অবকাঠামো অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা।

৩। জনাব নারায়ণ চন্দ্র সাহা, পরিচালক, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা।

৪। জনাব এ, এস, এম, তারেক, এসএএস সুপার, পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা।

**২.৬. বৈঠকে উপস্থিত সংসদ সচিবালয়ার কর্মকর্তাগণের তালিকা:**

১. জনাব মোঃ ফয়সাল মোর্শেদ, কমিটি সচিব, সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি;

২. জনাব মোঃ নূরুল হুদা, উপ-পরিচালক, গণসংযোগ।

**৩. প্রারম্ভিক কার্যাবলী:**

**৩.১. আলোচ্য বিষয়:** কোরাম ও বৈঠক শুরু।

**আলোচনার সার-সংক্ষেপ:** বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালী-বিধি অনুযায়ী কোরাম সম্পন্ন হয়েছে বিধায় বৈঠক শুরুর বিষয়ে উপস্থিত সদস্যগণ ঐকমত্য প্রকাশ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, কোরাম সম্পন্ন হওয়ায় উপস্থিত কমিটির সদস্যগণ এবং সংসদ সচিবালয়ের কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে ০১ মাঘ ১৪২৬ (১৫ জানুয়ারি ২০২০) তারিখ রোজ বুধবার বিকাল-০৩:০০ ঘটিকায় ঢাকার শেরেবাংলা নগরস্থ সংসদ ভবনের পশ্চিম ব্লকের দ্বিতীয় লেভেলে অবস্থিত কেবিনেট কক্ষে একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২২তম বৈঠক শুরু করা হয়।**

**৩.২. আলোচ্য বিষয়:** কমিটির কার্যক্রম সম্পর্কে সূচনা বক্তব্য।

**আলোচনার সার-সংক্ষেপ:** পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিপ্তরের ২০১০-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১১-২০১২ এ অন্তর্ভুক্ত অডিট আপত্তির অনুচ্ছেদ নং- ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫ ও ১৬ এর উপর আলোচনা।

**৩.৩. আলোচ্য বিষয়:** সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২১তম বৈঠকের সিদ্ধান্ত দৃঢ়ীকরণ।

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতি বলেন, নিশ্চয়ই কমিটির সদস্যগণ বৈঠকের ফোল্ডারে সরবরাহকৃত সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২১তম বৈঠকের কমিটির সিদ্ধান্ত পড়েছেন। তিনি মাননীয় সদস্যবৃন্দকে উদ্দেশ্য করে বলেন, ২১তম বৈঠকের কমিটির সিদ্ধান্ত লিপিবদ্ধকরণের বিষয়টি যথাযথ হয়ে থাকলে তা দৃঢ়ীকরণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, একাদশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২১তম বৈঠকের কমিটির সিদ্ধান্ত কমিটি কর্তৃক দৃঢ়ীকরণ করা হলো।**

৪. গণ কার্যাবলী:

**৪.১। আলোচ্য বিষয়:** সাক্ষ্য গ্রহণ: প্রশ্ন-উত্তর ও জেরা পর্ব (পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিপ্তরের ২০১০-২০১১ অর্থ বছরের হিসাব সম্পর্কিত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর বার্ষিক অডিট রিপোর্ট ২০১১-২০১২ এ অন্তর্ভুক্ত অডিট আপত্তির অনুচ্ছেদ নং- ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫ ও ১৬ এর উপর আলোচনা।

**আলোচনার সার-সংক্ষেপ:** বৈঠকে আমন্ত্রিত কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট আলোচ্য বিষয়ে কমিটির মাননীয় সদস্যগণের জিজ্ঞাসিত প্রশ্ন সম্পর্কে সভাপতির আহ্বানক্রমে তাঁদের তাদের সুচিন্তিত জবাব প্রদান করেন। রেকর্ডিং ত্রুটির জন্য আলোচনা রেকর্ড হয় নাই। তাৎক্ষণিকভাবে কম্পিউটার সেলে ইন্টারকমে যোগাযোগ করে সংশ্লিষ্ট কর্মকর্তাদের পাওয়া যায়নি। সভাপতি আলোচনার মূল বিষয়বস্তু ও সিদ্ধান্তসমূহ ভালভাবে নোট নেয়ার জন্য অনুশাসন দেন।

**৫. সমাপনী কার্যাবলী:**

**৫.১: আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-৯: অডিট আপত্তির শিরোনাম:** বরাদ্দের অতিরিক্ত চুক্তি সম্পাদন ও কার্যাদেশ প্রদান করে সরকারের ৪৩,৮৬,২৫,৫২৭/-টাকার আর্থিক দায় সৃষ্টি।

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতি বলেন, সংশ্লিষ্ট আপত্তিতে জড়িত প্রতিষ্ঠান ৮টি এবং প্রতিষ্ঠান ওয়ারী আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**৫.১.১: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর জড়িত টাকা= ১৮,২৫,৮০,৬৭৭/- (আঠারো কোটি পঁচিশ লক্ষ আশি হাজার ছয়শত সাতাত্তর)।**

**আলোচনার সার-সংক্ষেপ:** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর দপ্তরের আওতায় ‘‘ইউনিয়ন সংযোগ সড়ক নির্মাণ ও অবকাঠামো উন্নয়নঃ বৃহত্তর ময়মনসিংহ” শীর্ষক প্রকল্পের অধীনে ২০০৮-২০০৯, ২০০৯-২০১০ এবং ২০১০-২০১১ অর্থ বৎসরে মোট ৫৯টি স্কীম বাস্তবায়নের জন্য ৩৫,২২,৮০,৬৭৭/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। ২০১০-২০১১ অর্থ বৎসর পর্যন্ত মোট ১৬,৯৭,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। অবশিষ্ট (৩৫,২২,৮০,৬৭৭/- - ১৬,৯৭,০০,০০০/-) = ১৮,২৫,৮০,৬৭৭/- টাকা পরবর্তী অর্থ বৎসরে বরাদ্দ প্রাপ্তির পর সম্পাদিত কাজের বিপরীতে ব্যয় করা হয়েছে। উল্লেখ্য যে, প্রকল্পটি ২০০৮-২০০৯ অর্থবছরে শুরু হয়ে জুন’ ২০১৬ সালে সমাপ্ত হয়েছে। প্রকল্পের আরডিপিপি’র/ডিপিপি’র বরাদ্দ সীমার অতিরিক্ত কার্যক্রম গ্রহণ করা হয় নাই। বর্তমানে উক্ত প্রকল্পের কোন দায়-দেনা নাই। প্রসঙ্গত উল্লেখ্য যে, ৩০-০৯-২০১৮খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর এর সর্বশেষ জবাব এর সাথে আরডিপিপি এর কপি, কাজের অগ্রগতির প্রতিবেদন, কাজ সমাপ্তির প্রত্যয়ন, চূড়ান্ত বিলের কপি দাখিল করায় এবং মন্ত্রণালয়ের সুপারিশ অনুযায়ী আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। সভাপতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জবাব, প্রমানক, সিএজি কার্যালয় ও মন্ত্রণালয়ের মন্তব্যের উপর ভিত্তি করে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, জবাব ও প্রমাণকের আলোকে এবং মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.১.২: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, শেরপুর, জড়িত টাকা=১৩,৮৮,৫৮,৬৫৪/-(তেরো কোটি আটাশি লক্ষ আটান্ন হাজার ছয়শত চুয়ান্ন):**

**আলোচনার সার-সংক্ষেপ:** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, শেরপুর দপ্তরের আওতায় ‘‘ইউনিয়ন সংযোগ সড়ক নির্মাণ ও অবকাঠামো উন্নয়নঃ বৃহত্তর ময়মনসিংহ” শীর্ষক প্রকল্পের অধীনে ২০০৮-২০০৯, ২০০৯-২০১০ এবং ২০১০-২০১১ অর্থ বৎসরে মোট ৩০টি স্কীম বাস্তবায়নের জন্য ২৮,৬৩,৫৮,৬৫৪/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। ২০১০-২০১১ অর্থ বৎসর পর্যন্ত মোট ১৪,৭৫,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায় এবং সম্পাদিত কাজের বিপরীতে উক্ত টাকা ব্যয় করা হয়। অবশিষ্ট (২৮,৬৩,৫৮,৬৫৪-১৪,৭৫,০০,০০০)= ১৩,৮৮,৫৮,৬৫৪/- টাকা পরবর্তীতে বরাদ্দ প্রাপ্তির পর সম্পাদিত কাজের বিপরীতে ব্যয় করা হয়েছে। উল্লেখ্য যে, প্রকল্পটি ২০০৮-২০০৯ অর্থবছরে শুরু হয়ে জুন’২০১৬ সালে প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। প্রকল্পের আরডিপিপি’র/ডিপিপি’র বরাদ্দ সীমার অতিরিক্ত কার্যক্রম গ্রহণ করা হয় নাই। বর্তমানে উক্ত প্রকল্পের কোন দায়-দেনা নাই। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, শেরপুর এর সর্বশেষ জবাবের সাথে আরডিপিপি এর কপি, কাজের অগ্রগতির প্রতিবেদন, কাজ সমাপ্তির প্রত্যয়ন, চূড়ান্ত বিলের কপি দাখিল করায় এবং মন্ত্রণালয়ের সুপারিশ অনুযায়ী নিরীক্ষা কর্তৃপক্ষ আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করেন। সভাপতি মহোদয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জবাব, প্রমানক, সিএজি কার্যালয় ও মন্ত্রণালয়ের মন্তব্যের উপর ভিত্তি করে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, জবাব ও প্রমাণকের আলোকে এবং মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.১.৩: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নড়াইল জড়িত টাকা=২০,৯৫,৫১১/- (বিশ লক্ষ পঁচানব্বই হাজার পাঁচশত এগারো):**

**আলোচনার সার-সংক্ষেপ:** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নড়াইল দপ্তরের আপত্তিকৃত কাজের বিপরীতে সকল পাওনা পরিশোধ করা হয়েছে বিধায় জবাব ও প্রমাণকের আলোকে পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক আপত্তিটি নিষ্পত্তি করা হয়েছে। সভাপতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জবাব, প্রমানক, সিএজি কার্যালয় ও মন্ত্রণালয়ের মন্তব্যের উপর ভিত্তি করে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, আপত্তিকৃত টাকা আদায় হওয়ায় জবাব ও প্রমাণকের আলোকে এবং মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.১.৪: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নরসিংদী জড়িত টাকা=২,৫৪,৭৭,৭৪০/-(দুই কোটি চুয়ান্ন লক্ষ সাতাত্তর হাজার সাতশত চল্লিশ):**

**আলোচনার সার-সংক্ষেপ:** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নরসিংদী দপ্তরের আওতায় 'অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প' এর অধীনে ২০১০-২০১১ অর্থ বৎসরে স্কীম বাস্তবায়নের জন্য ২,৮৮,৯৭,৭৩৯/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। কিন্তু ২০১০-২০১১ অর্থ বৎসরে চাহিদার তুলনায় অর্থ ছাড় কম হওয়ায় (২,৮৮,৯৭,৭৩৯ - ৩৪,১৯,৯৯৯) = ২,৫৪,৭৭,৭৪০/- টাকা পরিশোধ করা সম্ভব হয় নাই। তাই ২০১১-২০১২ অর্থ বৎসরে অবশিষ্ট ২,৫৪,৭৭,৭৪০/-টাকা পরিশোধ করা হয়েছে। উল্লেখ্য যে, প্রকল্পের আরডিপিপি'র/ডিপিপি'র বরাদ্দ সীমার অতিরিক্ত কার্যক্রম গ্রহণ করা হয় নাই। বর্তমানে উক্ত প্রকল্পের কোন দায়-দেনা নাই। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নরসিংদী এর সর্বশেষ জবাব এর সাথে আরডিপিপি এর কপি, কাজ সমাপ্তির প্রত্যয়ন, চূড়ান্ত বিলের কপি দাখিল করায় এবং মন্ত্রণালয়ের সুপারিশ অনুযায়ী নিরীক্ষা কর্তৃপক্ষ কর্তৃক আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হয়। সভাপতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জবাব, প্রমাণক, সিএজি কার্যালয় ও মন্ত্রণালয়ের মন্তব্যের উপর ভিত্তি করে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, জবাব ও প্রমাণকের আলোকে এবং মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.১.৫: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খাগড়াছড়ি জড়িত টাকা=৩১,৩৫,২৪৩/- (একত্রিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার দুইশত তেতাল্লিশ):**

**আলোচনার সার-সংক্ষেপ:** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খাগড়াছড়ি দপ্তরের আওতায় 'পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচীর' অধীন ২০১০-২০১১ অর্থ বৎসরে স্কীম বাস্তবায়নের জন্য ৩,১৭,০৯,৫৩৫.০০ টাকার কার্যাদেশ প্রদান করা হয়। কিন্তু ২০১০-২০১১ অর্থ বৎসরে চাহিদার তুলনায় অর্থ ছাড় কম হওয়ায় (৩,১৭,০৯,৫৩৫.০০ - ২,৮৫,৭৪,২৯২.০০) = ৩১,৩৫,২৪৩.০০ টাকা পরিশোধ করা সম্ভবপর হয় নাই। তাই পরবর্তী অর্থ বৎসরে পূর্ববর্তী জের (২০১১-২০১২ অর্থ বৎসর) পূর্ববর্তী জের ৩১,৩৫,২৪৩.০০ টাকা এলজিইডি সদর দপ্তরের অনুমোদনক্রমে পরিশোধ করা হয়েছে। বর্তমানে কোন দায়- দেনা নাই। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, খাগড়াছড়ি কর্তৃপক্ষ জবাবের সাথে বকেয়া পরিশোধের অনুমোদনের কপি, চূড়ান্ত বিল পরিশোধের কপি, কাজ সমাপ্তির সনদ দাখিল করায় এবং মন্ত্রণালয়ের সুপারিশ অনুযায়ী নিরীক্ষা কর্তৃপক্ষ কর্তৃক আপত্তিটি নিষ্পিত্তির সুপারিশ করা হয়। সভাপতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জবাব, প্রমাণক, সিএজি কার্যালয় ও মন্ত্রণালয়ের মন্তব্যের উপর ভিত্তি করে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, জবাব ও প্রমাণকের আলোকে এবং মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.১.৬: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বান্দরবান জড়িত টাকা = ৪৩,৮৮,৬৬২/-(তেতাল্লিশ লক্ষ আটাশি হাজার ছয়শত বাষট্টি):**

**আলোচনার সার-সংক্ষেপ:** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বান্দরবান দপ্তরের আওতায় 'পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচীর' অধীন ২০১০-২০১১ অর্থ বৎসরে ৪৬টি স্কীম বাস্তবায়নের জন্য ৪,৮৮,২৩,২৮৪/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। কিন্তু ২০১০-২০১১ অর্থ বৎসরে চাহিদার তুলনায় অর্থ ছাড় কম হওয়ায় (৪,৮৮,২৩,২৮৪.০০ - ৪,৪৪,৩৪,৬২২.০০) = ৪৩,৮৮,৬৬২.০০ টাকা পরিশোধ করা সম্ভবপর হয় নাই। তাই পরবর্তী অর্থ বৎসরে (২০১১-২০১২ অর্থ বৎসরে) পূর্ববর্তী জের ৪৩,৮৮,৬৬২.০০ টাকা পরিশোধ করা হয়েছে। বর্তমানে কোন দায়-দেনা সৃষ্টি হয় নাই। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বান্দরবান কর্তৃপক্ষ জবাবের সাথে বকেয়া পরিশোধের অনুমোদনের কপি, চূড়ান্ত বিল পরিশোধের কপি, কাজ সমাপ্তির সনদ দাখিল করায় এবং মন্ত্রণালয়ের সুপারিশ অনুযায়ী নিরীক্ষা কর্তৃপক্ষ কর্তৃক আপত্তিটি নিষ্পিত্তির সুপারিশ করা হয়। সভাপতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জবাব, প্রমাণক, সিএজি কার্যালয় ও মন্ত্রণালয়ের মন্তব্যের উপর ভিত্তি করে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, জবাব ও প্রমাণকের আলোকে এবং মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.১.৭: প্রকল্প পরিচালক, পল্লী সড়কে হালকা যানবাহন চলাচল যোগ্য ব্রিজ নির্মাণ প্রকল্প, এলজিইডি, ঢাকা, জড়িত টাকা = ৭,৯৫,১০,০০০/- (সাত কোটি পঁচানব্বই লক্ষ দশ হাজার):**

**আলোচনার সার-সংক্ষেপ:** অডিট আপত্তির জবাবে জানানো হয় যে, 'পল্লী সড়কে হালকা যানবাহন চলাচলযোগ্য ব্রীজ নির্মাণ প্রকল্প' এর আওতায় ডিপিপির অতিরিক্ত কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। প্রকল্পটি ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। বর্তমানে উক্ত প্রকল্পের কোন দায়-দেনা নাই। উক্ত প্রকল্পের আওতায় ২০০৯-২০১০ অর্থ বৎসরে ডিপিপিতে সংস্থান এর চেয়ে ৮,০০,০০,০০০/- টাকা কম বরাদ্দ পাওয়া যায়। ২০১০-২০১১ অর্থ বৎসরের প্রকল্পের শেষ বৎসর হওয়ায় ইতঃপূর্বেকার বকেয়াসহ মোট (৪২,৭৩,৯০,০০০ + ৭,৯৫,১০,০০০) ৫০,৬৯,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ অনুযায়ী সম্পাদিত কাজের বিপরীতে ব্যয় করা হয়েছে। বর্তমানে কোন দায়-দেনা নাই। প্রসঙ্গত উল্লেখ্য যে, ১৬-১১-২০১৭ খ্রিঃ তারিখ ত্রি-পক্ষীয় সভায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। প্রকল্প পরিচালক কর্তৃক প্রেরিত জবাবের সাথে প্রমাণক এবং ত্রি-পক্ষীয় সভার সুপারিশ থাকায় সিএজি কার্যালয় কর্তৃক আপত্তিটি নিষ্পিত্তির সুপারিশ করা হয়। সভাপতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জবাব, প্রমাণক, সিএজি কার্যালয় ও মন্ত্রণালয়ের মন্তব্যের উপর ভিত্তি করে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, জবাব ও প্রমাণকের আলোকে এবং মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তির এ অংশটুকু নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.১.৮: প্রকল্প পরিচালক, ইউনিয়ন সংযোগকারী সড়ক ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন প্রকল্প বৃহত্তর কুমিল্লা ( কুমিল্লা, চাঁদপুর ও বি-বাড়ীয়া), এলজিইডি, ঢাকা, জড়িত টাকা=২৫,৭৯,০৪০/- (পঁচিশ লক্ষ উনাশি হাজার চল্লিশ):**

**আলোচনার সার-সংক্ষেপ:** পূর্বে নিষ্পত্তিকৃত।

**৫.২. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১০: অডিট আপত্তির শিরোনাম:** ৫টি কালভার্ট নির্মাণ না করা সত্ত্বেও কালভার্ট নির্মাণের ৪২,১৪,১০২/-টাকা ব্যয় দেখিয়ে হিসাবভুক্ত।

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে সচিব জানান যে, প্রকল্পের ডিপিপিতে মোট ৭৫টি কালর্ভাট নির্মাণের জন্য ৩৫৬.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়। উক্ত প্রকল্পে মোট ৮০টি কালভার্ট নির্মাণের উদ্দোগ গ্রহণ করা হয়। আপত্তিকৃত ৫টি কালর্ভাটের কাজ জমি সংক্রান্ত জটিলতা ও অন্যান্য কারনে মৎস ভবনে অনুষ্ঠিত প্রকল্প সমন্বয় কমিটির সভায় স্থগিত করা হয় এবং এর বিপরীতে কোন অর্থ ব্যয় করা হয়নি। ফলে ৫টি কালভার্টের কাজ স্থগিত করে সর্বমোট ৭৫টি কালর্ভাটের জন্য ৩৫২.৮৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। প্রকল্পের RDPP- তে উক্ত ব্যয়ের অনুমোদন আছে। সভাপতি বলেন, ৭৫টি কালভার্ট নির্মাণ করার মূল ডিপিপি এর কপি, ব্যয়ের কপি এবং Revised DPP এর কপি এবং সে অনুযায়ী ব্যয়ের কপি দেখাতে হবে। এছাড়া মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিবকে ৭৫টি কালভার্ট নির্মাণ করার বিষয়টি পরীক্ষা করে প্রতিবেদনসহ প্রমানক নিরীক্ষা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং নিরীক্ষা কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে তা নিষ্পত্তি হবে।

অনু: ৪০

* XEN, Cumilla

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, ৭৫টি কালভার্ট নির্মাণ করার মূল ডিপিপি এর কপি, ব্যয়ের কপি এবং Revised DPP এবং সে অনুযায়ী ব্যয়ের কপি নিরীক্ষা কর্তৃপক্ষকে অনধিক ১৫দিনের মধ্যে দেখাতে হবে। এছাড়া মন্ত্রণালয়ের একজন অতিরিক্ত সচিবকে ৭৫টি কালভার্ট নির্মাণ করার বিষয়টি পরীক্ষা করে প্রতিবেদনসহ প্রমানক নিরীক্ষা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং নিরীক্ষা কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে তা অনধিক এক মাসের মধ্যে মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মাধ্যমে সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটিকে অবহিত করতে হবে।**

**৫.৩. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১১: অডিট আপত্তির শিরোনাম:** জামানতের অর্থের ওপর ব্যাংক হতে প্রাপ্ত সুদ বাবদ ১৩,৩১,৫৭৮/-টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়নি।

**আলোচনার সার-সংক্ষেপ:** আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করায় ও প্রমাণক যথাযথ হওয়ায় আপত্তিটি পূর্ত অডিট অধিদপ্তর এবং সিএজি কার্যালয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করায় ও প্রমাণক যথাযথ হওয়ায় আপত্তিটি নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.৪: আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১২: অডিট আপত্তির শিরোনাম:** পৌরসভার আওতাধীন সড়ক উন্নয়নে এখতিয়ার বহির্ভূত অনিয়মিত ব্যয় ৪৮,২২,৯৫৩/-টাকা।

অনু: ৪২

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে সচিব জানান যে, এলজিইডি সাধারণত পৌরসভা বা সিটি কর্পোরেশনের সক্ষমতা না থাকলে অথবা বিশেষ অনুরোধের পরিপ্রেক্ষিতে অনাপত্তি পত্র প্রাপ্তি সাপেক্ষে রাস্তা নির্মাণ করে থাকেন। এক্ষেত্রে পৌরসভার অনাপত্তি পত্র প্রাপ্তি সাপেক্ষে রাস্তা নির্মাণ করা হয়েছে। সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের মহাপরিচালক জানান যে, পৌরসভার মেয়রের অনাপত্তি দেয়া হয়েছে ২০১২ খ্রিঃ সালে। কিন্তু রাস্তা নির্মাণ করা হয়েছে ২০১০-১১ অর্থ বছরে এছাড়াও পৌর প্রশাসক কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রে স্বাক্ষর থাকলেও তারিখ উল্লেখ করা হয়নি। সভাপতি এই বিষয়ে সচিবের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি রাস্তাটির ID নম্বর এবং Road Inventory ছিলো কিনা তাও জানতে চান। তিনি বলেন, সচিব রাস্তাটির ID নম্বর এবং Road Inventory পরীক্ষা করে দেখবেন যে, পৌরসভা কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বিভাগ এবং এলজিইডি উভয় কর্তৃপক্ষ একই অর্থবছরে একই রাস্তার একই অংশের কাজ করে সরকারী অর্থের তছরূপ হয়েছে নাকি কেবল এলজিইডি কর্তৃকই সংশ্লিষ্ট কাজটি করা হয়েছে এবং তা সঠিকভাবেই করা হয়েছে। সচিব কর্তৃক কাজটি সঠিকভাবে করা হয়েছে মর্মে সুপারিশ সাপেক্ষে আপত্তিটি পরবর্তীতে কমিটি কর্তৃক নিষ্পত্তি করা হবে।

DS-1 Audit *

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, সচিব রাস্তাটির ID নম্বর এবং Road Inventory পরীক্ষা করে দেখবেন যে, পৌরসভা কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বিভাগ এবং এলজিইডি উভয় কর্তৃপক্ষ একই অর্থবছরে একই রাস্তার একই অংশের কাজ করে সরকারী অর্থের তছরূপ হয়েছে নাকি কেবল এলজিইডি কর্তৃকই সংশ্লিষ্ট কাজটি করা হয়েছে এবং তা সঠিকভাবেই করা হয়েছে। সচিব কর্তৃক কাজটি সঠিকভাবে করা হয়েছে মর্মে সুপারিশ সাপেক্ষে আপত্তিটি পরবর্তীতে কমিটি কর্তৃক নিষ্পত্তি করা হবে।**

**৫.৫. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১৩: অডিট আপত্তির শিরোনাম:** অর্থ মন্ত্রণালয়ের নির্দেশ উপেক্ষা করে যে কাজের জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে তা না করে ভিন্ন কাজ বাস্তবায়নের জন্য প্রকল্পের অর্থ খরচে অনিয়মিত ব্যয় ২,৩৯,৫০,০০০/-টাকা।

**আলোচনার সার-সংক্ষেপ:** পূর্বে নিষ্পত্তিকৃত।

**৫.৬. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১৪: অডিট আপত্তির শিরোনাম:** অনুমোদিত ড্রয়িং এর কোন পরিবর্তন না হওয়া স্বত্বেও আরসিসি ব্রিজের অবশিষ্ট অংশ নির্মাণ কাজে ঠিকাদারকে চুক্তিবদ্ধ পরিমাণের অধিক পরিশোধ করায় ১৫,০৩,১২৮/-টাকা ক্ষতি।

অনু:১৪
পৃ:৩৮৪

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে নির্বাহী প্রকৌশলী জানান যে, বর্ণিত কাজে পিপিআর, ২০০৮ এর ৭৯(২) বিধি ও সংশ্লিষ্ট তফশিল অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে। এক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ প্রকল্প পরিচালক।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন নিরীক্ষা কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং নিরীক্ষা কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে তা মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মাধ্যমে সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটিকে অবহিত করতে হবে।**

**৫.৭. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১৫: অডিট আপত্তির শিরোনাম:** এইচবিবি রাস্তাকে বিটুমিনাস কার্পেটিং রাস্তায় উন্নীতকরণ কাজে বিদ্যমান রাস্তায় বালুর স্তর থাকা সত্ত্বেও পুনরায় SAND FILLING দেখিয়ে প্রাক্কলন অনুমোদন ও বিল পরিশোধে ৩৩,০৭,২৩০/-টাকা ক্ষতি।

**আলোচনার সার-সংক্ষেপ:** তদন্ত প্রতিবেদন, রোড ইনভেনটরী ও কারিগরী প্রতিবেদন যাচাই করে রাস্তাটি এইচবিবি রাস্তা ছিলো না বিধায় পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হয়।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তিটি নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.৮. আলোচ্য বিষয়: অডিট আপত্তির অনুচ্ছেদ নং-১৬: অডিট আপত্তির শিরোনাম:** বরাদ্দ মঞ্জুরি ব্যতিত ও মেয়াদ উত্তীর্ণ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের দায় দেনা পরবর্তী অর্থবৎসরে পরিশোধ করায় ১,০৬,৭৪,৩৪৯/-টাকা অনিয়মিত ব্যয়।

**আলোচনার সার-সংক্ষেপ:** সভাপতি বলেন, সংশ্লিষ্ট আপত্তিতে জড়িত প্রতিষ্ঠান ৩টি এবং প্রতিষ্ঠান ওয়ারী আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**৫.৮.১: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর জড়িত টাকা= ৩৬,৮৩,৪৪৪/- (ছত্রিশ লক্ষ তিরাশি হাজার চারশত চুয়াল্লিশ):**

**আলোচনার সার-সংক্ষেপ:** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর দপ্তরের আওতায় ২০০৯-২০১০ইং অর্থ বৎসরে 'পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচী' এর গৃহীত মেরামত কাজসমূহ নির্ধারিত সময় সীমার মধ্যেই সমাপ্ত করা হয়েছে। বরাদ্দ স্বল্পতার কারণে ঠিকাদারের সম্পূর্ণ বিল পরিশোধ করা সম্ভবপর হয় নাই। তৎপ্রেক্ষিতে পূর্ববর্তী অর্থ বৎসরের ৫টি স্কীমের পূর্ববর্তী জের পরবর্তী বৎসরে এলজিইডি সদর দপ্তর কর্তৃক অনুমোদন প্রদান করা হয় এবং পরবর্তী অর্থ বৎসরে পাওনা পরিশোধ করা হয়েছে। কর্তৃপক্ষের জবাবের সাথে পূর্ববর্তী অর্থ বছরের পাওনা অর্থ পরবর্তী অর্থ বৎসরের বরাদ্দ থেকে পরিশোধের সাপেক্ষে এলজিইডি সদর দপ্তর কর্তৃক অনুমোদন থাকায় এবং মন্ত্রণালয়ের সুপারিশ থাকায় সিএজি কার্যালয় কর্তৃক আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, জবাব ও প্রমাণকের আলোকে এবং মহা হিসাব- নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তিটি নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৫.৮.২: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নড়াইল জড়িত টাকা =১৮,৪০,২২৫/-(**

**আলোচনার সার-সংক্ষেপ:** পূর্বে নিষ্পত্তিকৃত।

**৫.৮.৩: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী জড়িত টাকা =৫১,৫০,৬৮০/- (একান্ন লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত আশি):**

**আলোচনার সার-সংক্ষেপ:** আপত্তিকৃত কাজটিতে রাস্তার পার্শ্বে পুকুর থাকায় সংরক্ষণ কাজ (Palasiding) করা হয়েছে। উক্ত সংরক্ষণ কাজ ব্যক্তি মালিকানাধীন পুকুরে করতে হয়েছে বিধায় স্থানীয় জটিলতায় কাজের সাইট পেতে সময় বেশী লেগেছে। পিপিআর-২০০৮ অনুযায়ী যথাযথ প্রক্রিয়ায় উক্ত সময় বৃদ্ধির অনুমোদন গ্রহণ করা হয়েছে। সভাপতি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জবাব, প্রমাণক, সিএজি কার্যালয় ও মন্ত্রণালয়ের মন্তব্যের উপর ভিত্তি করে আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করেন।

**সিদ্ধান্ত: সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, জবাব ও প্রমাণকের আলোকে এবং মহা হিসাব- নিরীক্ষক ও নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আপত্তিটি নিষ্পত্তি হয়েছে বলে গণ্য করা হলো।**

**৬. বিবিধ:**

**আলোচনার সার-সংক্ষেপ:** সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সদস্যবৃন্দ কর্তৃক প্রত্যেকটি কাজ কমপক্ষে একজন ডিপ্লোমা প্রকৌশলীর সার্বিক তত্ত্বাবধানে সম্পন্ন করার এবং একই সাথে প্রতিটি কাজের সঠিক মান বজায় রেখে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। সভাপতি নির্বাহী প্রকৌশলীকে প্রত্যেকটি কাজে তদারকি বাড়ানোরও নির্দেশনা প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত অনুশাসন মোতাবেক সভাপতি একই ঠিকাদার যেন বারবার কাজ না পায়, সার্বিক মূল্যায়নের মাধ্যমে অন্যান্য ঠিকাদারগণও যেন কাজ পায় সে বিষয়ে লক্ষ্যে রাখার জন্য নির্বাহী প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন।

৭. পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মাননীয় সদস্যবৃন্দকে সার্বিক সহযোগিতার জন্য এবং বৈঠকে আমন্ত্রিত ব্যক্তিবর্গের সুচিন্তিত পরামর্শ প্রদানের জন্য এবং সাচিবিক সহায়তাকারী কর্মকর্তাগণের দক্ষ সহায়তার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে ১৫ জানুয়ারি ২০২০ তারিখ বিকাল-৩:৪৫ টায় বাংলাদেশ জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ২২তম বৈঠকের সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রুস্তম আলী ফরাজী)
সভাপতি
সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।